

আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস-২০২১ উপলক্ষে সচেতনতামূলক র্যালি ও আলোচনা সভা



০৬ অক্টোবর ২০২১, সোমবার The Physically-challenged Development Foundation (PDF), JnU Unit -এর আয়োজনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে "আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস-২০২১" উপলক্ষে সচেতনতামূলক র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। র্যালির উদ্বোধক ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

পরিচালক (ছাত্র-কল্যাণ) ও পিডিএফ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিটের উপদেষ্টা অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম-এর সভাপতিত্বে অনুষ্ঠানে রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. আবুল কালাম মোঃ লুৎফর রহমান, প্রক্টর ড. মোস্তফা কামাল, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষকবৃন্দ, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও পিডিএফ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপদেষ্টা মণ্ডলীর সদস্য সচিব জনাব রাজেশ কুমার দেব, সদস্য জনাব মোঃ রেজাউল করিম ও সদস্য জনাব শাহ মোঃ আজিমুল এহসান, জবি পিডিএফ-এর শিক্ষার্থী প্রতিনিধি জনাব পার্থ রায় (সভাপতি), জনাব রাকিব হাসান (সাধারণ সম্পাদক), পিডিএফ ইয়ুথ নেটের ডেপুটি



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



টিম লিডার জনাব মেসবাহুল হক সহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পিডিএফ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আহবায়ক এবং সমাজকর্ম বিভাগের সহকারী অধ্যাপক জনাব মুহাঃ শহীদুল হক।

অনুষ্ঠানে বক্তারা কেরানীগঞ্জে নির্মানাধীন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাসকে 'বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী' বান্ধব ক্যাম্পাস হিসেবে গড়ে তোলার এবং পাশাপাশি বর্তমান ক্যাম্পাসে 'বিশেষ চাহিদা সম্পন্ন' শিক্ষার্থীদের অধিকার সংরক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহবান জানান।